5.8.86

ইত্তেফাক

তারিখ 01 APR 1986
পৃষ্ঠা 1 কলাম 2

...066-03

# উপজেলা চেয়ারম্যান বেসরকারী মাধ্যমিক স্কুলের চেয়ারম্যান হইবেন

সরকার সিদ্ধান্ত নিয়াছেন যে, উপজেলা পরিষদের চেয়ারম্যানগণ পদাধিকার বলে স্ব স্ব উপজেলায় পৌর এলাকার বাহিরে অবস্থিত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির চেয়ারম্যান হইবেন। সংশ্লিষ্ট জেলা প্রশাসক অথবা তাঁহার কোন মনোনীত ব্যক্তি পৌর এলাকায় অবস্থিত মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির চেয়ারম্যান হইবেন। এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকরী করার লক্ষ্যে সরকারী গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ করা হইয়াছে এবং দেশের চারটি শিক্ষা বোর্ডকে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হইয়াছে। তথ্য বিবরণী।